An Oifig um Chosaint Idirnáisiúnta
International Protection Office

আন্তর্জাতিক সুরক্ষা প্রশ্নাবলী (পরিচ্ছেদ A) পূরণ করার নির্দেশিকা এবং প্রশ্নাবলী (পরিচ্ছেদ B)

এই প্রশ্নপত্রটি আন্তর্জাতিক সুরক্ষা অফিসে ফেরত পাঠানোর শেষ তারিখ:

তারিখ:

আপনার আবেদনটি দ্রুত প্রক্রিয়াকরণ করতে, প্রশ্নপত্রটি পূরণ করার **পূর্বে** এই নির্দেশনাগুলো আপনার পড়ার ও বোঝার প্রয়োজন আছে। এই নথিপত্রের B পরিচ্ছেদে প্রশ্নপত্রটি আছে।

এই নির্দেশিকার লক্ষ্য হলো সর্বপ্রথমে আপনার কী করা প্রয়োজন এবং এই প্রশ্নপত্রটি কিভাবে সঠিক উপায়ে পূরণ করা যায় তা বুঝতে আপনাকে সহায়তা করা। এটি করার ফলে আপনার এবং আমাদের জন্য আবেদন প্রক্রিয়াটি সহজতর হবে। যেসব শব্দ আপনার জানা প্রয়োজন সেগুলো ব্যাখ্যা করার মাধ্যমে আমরা শুরু করছি। এরপর আমাদের প্রশ্নগুলোর উত্তর কিভাবে দিতে হবে (নির্দেশনা) এবং আপনি আমাদের কাছে প্রশ্নপত্র ও নথিপত্র পাঠানোর পর কী হবে তা আমরা আপনাকে বলছি।

আপনাকে অবশ্যই প্রশ্নপত্র (পরিচ্ছেদ B) পূরণ করে ফেরত দিতে হবে **অথবা** উপরোক্ত তারিখের পূর্বে **অথবা** পরে অবিলম্বে আপনি তা কেন করেন নাই, তার যুক্তিসঙ্গত ব্যাখ্যা দিতে হবে। এতে আমরা বুঝতে পারবো যে আপনি সহযোগিতা করছেন, যার ফলে আপনারই উপকার হবে।

অনুগ্রহপূর্বক আপনার সম্পন্ন করা প্রশ্নপত্রটি freepost খামে করে নিচে উল্লেখিত ঠিকানায় পাঠান:

International Protection Office (IPO)
Immigration Service Delivery
79-83 Lower Mount Street
Dublin 2, D02 ND99

আপনাকে অবশ্যই সংশ্লিষ্ট সকল নথিপত্র পাঠাতে হবে

এই প্রশ্নপত্র আমাদেরকে ফেরত পাঠানোর সময়, অনুগ্রহপূর্বক আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনের ক্ষেত্রে লভ্য সকল সংশ্লিষ্ট নথিপত্র এবং এই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) আপনার থাকার অনুমতি আমাদেরকে পাঠান। আমাদের যে ধরণের নথিপত্র প্রয়োজন সেগুলোর তালিকা পৃষ্ঠা ৪ এর ২ নং পয়েন্টে দেওয়া আছে। এগুলোর মধ্যে চিকিৎসা বিষয়ক নথিপত্র রয়েছে। মূল নথিপত্রগুলো আপনার কাছে থাকলে সেগুলো আমাদেরকে পাঠান।

আপনার সুরক্ষা আবেদনের সাথে সংশ্লিষ্ট নথিপত্রগুলো আপনার মাতৃভূমি বা নিজ দেশ থেকে খুঁজে আনার পরিকল্পনা করলে, তা আপনার **অবিলম্বে** করা উচিৎ, কারণ এতে অনেক সময় প্রয়োজন হয়।

রেফারেন্স নম্বর:

ব্যক্তির আইডি:

আবেদনকারীর নাম:

গুরুত্বপূর্ণ শব্দগুলোর ব্যাখ্যা

আপনি এই নথিপত্রে এবং সংযুক্ত পুস্তিকাটিতে নিম্নোক্ত শব্দ এবং বিবরণ দেখবেন। সময় নিয়ে সেগুলো পড়ুন এবং এর ফলে এই নির্দেশিকাগুলো ও প্রশ্নপত্র (পরিচ্ছেদ B) বুঝতে আরও সহজ হবে।

স্বদেশহীন

আপনি কোনো দেশের নাগরিক না হলে আপনি স্বদেশহীন।

সাবেক বসবাসকৃত দেশ

আপনি স্বদেশহীন হলে, 'সাবেক বসবাসকৃত দেশ' বলতে বোঝায় এমন একটি দেশ যেখানে আপনি অর্থবহ কোনো সময়কাল বসবাস করেছেন।

শরণার্থী

একজন শরণার্থী হিসেবে শনাক্ত হতে, আপনাকে অবশ্যই এমন একজন ব্যক্তি হতে হবে যার নিম্নোক্ত এক বা একাধিক কারণে হয়রানির শিকার হওয়ার দৃঢ় ভয় আছে:

- জাতি
- ধর্ম
- জাতীয়তা
- রাজনৈতিক দৃষ্টিভঙ্গি **অথবা**
- কোনো নির্দিষ্ট সামাজিক দলের সদস্যপদ।

আপনার আরও যা যা থাকতে হবে:

- আপনার যেই দেশের জাতীয়তা রয়েছে আপনাকে সেই দেশের বাইরে থাকতে হবে এবং সেই দেশের সুরক্ষা গ্রহণ করতে আপনি অক্ষম অথবা, আপনি ভয়ের কারণে সেই দেশের সুরক্ষা গ্রহণ করতে অনিচ্ছুক হতে হবে।
  অথবা
- আপনাকে একজন স্বদেশহীন ব্যক্তি হতে হবে, যিনি তার সাবেক বসবাসকৃত দেশের বাইরে আছেন এবং নিজ দেশে ফেরত যেতে অক্ষম, অথবা ভয়ের কারণে নিজ দেশে ফেরত যেতে অনিচ্ছুক।

সহায়ক সুরক্ষা

কোনো ব্যক্তি যদি শরণার্থী হিসেবে যোগ্য না হন, তবে তিনি তার নিজ দেশে 'মারাত্মক ক্ষতি'-তে ভোগান্তির প্রকৃত ঝুঁকির সম্মুখীন হলে তিনি সহায়ক সুরক্ষা প্রাপ্ত হন। মারাত্মক ক্ষতি বলতে তিনটি ভিন্ন জিনিসকে বোঝায়।

মারাত্মক ক্ষতি - মৃত্যুদন্ড বা ফাঁসি

'মারাত্মক ক্ষতি' বলতে বোঝায় মৃত্যুদণ্ড বা ফাঁসির ঝুঁকিতে থাকা।

মারাত্মক ক্ষতি - মারাত্মক দুর্ব্যবহার

মারাত্মক ক্ষতি বলতে আরও বোঝায় যে তাদের নিজ দেশে অথবা সাবেক বসবাসকৃত দেশে (উপরে বিবৃত), ঐ ব্যক্তি নিম্নোক্ত বিষয়গুলোর ঝুঁকিতে থাকতে পারেন:

- নির্যাতন
- অমানবিক বা অবমাননাকর আচরণ অথবা শাস্তি।

মারাত্মক ক্ষতি - আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাত

মারাত্মক ক্ষতি বলতে আরও বোঝায় যে, আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতজনিত নির্বিচার সহিংসতার কারণে কোনো বেসামরিক ব্যক্তি মারাত্মক ও একক হুমকির শিকার হওয়া।

নির্বিচার সহিংসতা

নির্বিচার সহিংসতা বলতে এমন এলোমেলো সহিংসতাকে বোঝায় যা বিশেষ কোনো দলের বা গোষ্ঠীর মানুষকে উদ্দেশ্য করে সংঘটিত হয় না।

পারিবারিক পুনর্মিলন

পারিবারিক পুনর্মিলন বলতে বোঝায় যে আপনার শরণার্থী অবস্থা বা সহায়ক সুরক্ষা অনুমোদিত হলে, আপনি ১২ মাসের মধ্যে আপনার পরিবারের নির্দিষ্ট সদস্যদের নিম্নোক্ত বিষয়গুলোর অনুমতির জন্য বিচার বিষয়ক মন্ত্রী বরাবর আবেদন করতে পারবেন:

- আয়ারল্যান্ডে প্রবেশ ও বসবাস, যদি তারা অন্যত্র বসবাস করে থাকেন

  অথবা
- আয়ারল্যান্ডে থেকে যাওয়া ও বসবাস করা, যদি তারা ইতিমধ্যে এখানে থেকে থাকেন।

প্রশ্নপত্রটি পূরণ করার পূর্বে কিছু নির্দেশনা

প্রশ্নপত্রটি এই নথিপত্রের পরিচ্ছেদ B-তে রয়েছে। এটি এই দেশে (আয়ারল্যান্ড) আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি আপনাকে সততার সাথে এবং সম্পূর্ণভাবে পূরণ করতে হবে। সেজন্য, প্রথমে আপনাকে নিম্নের পৃষ্ঠাগুলো পড়তে হবে। দীর্ঘ হলেও সেগুলো আপনাকে সহযোগিতা করবে। ১-১৫ নং পয়েন্ট আপনাকে প্রশ্নপত্রটি পূরণ করতে সহযোগিতা করবে। বাকি পয়েন্টগুলো মূলত আপনার প্রদত্ত তথ্য আমরা কিভাবে ব্যবহার ও যথাযথভাবে শেয়ার করবো সেই সম্পর্কিত বিষয় বর্ণনা করে।

আমরা জানি ইংরেজি আপনার প্রথম ভাষা নাও হতে পারে, তাই আপনি কোন ভাষায় কথা বলতে পারেন তা আমরা প্রশ্নপত্রটিতে জিজ্ঞাসা করে থাকি, এবং আপনার পছন্দসই ভাষায় আমরা হয়তো সাক্ষাৎকারটি পরিচালনা করবো।

1. এই প্রশ্নপত্রটি পূরণ করার পূর্বে

পুস্তিকাটি পড়ুন

অনুগ্রহপূর্বক এই নথিপত্রের সাথে আমাদের প্রদত্ত 'আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকাটি' পড়ে নিন। ইতিপূর্বে আমরা যেই গুরুত্বপূর্ণ শব্দগুলো ব্যাখ্যা করেছি সেগুলো প্রথমে পড়লে তা আপনার জন্য সহায়ক হবে।

আইনি পরামর্শ নিন

যারা আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেন, লিগাল এইড বোর্ড (LAB) তাদের বিনামূল্যে সহায়তা দিয়ে থাকে। 'আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকা' এর পরিশিষ্টে (Annex) তাদের সাথে যোগাযোগের ঠিকানা দেওয়া আছে। পুস্তিকাটির পিছনের দিকে পরিশিষ্টটি (Annex) রয়েছে।

এছাড়াও আপনি অন্য আইনি প্রতিনিধিদের সহায়তা নিতে পারবেন তবে সেক্ষেত্রে আপনাকে এর খরচ বহন করতে হবে।

2. আমাদেরকে অবশ্যই আপনার সকল সংশ্লিষ্ট তথ্য দিতে হবে।

অনুগ্রহপূর্বক নিশ্চিত করুন যে আপনি এই প্রশ্নপত্রে আপনার আবেদনের সাথে সম্পর্কিত সব তথ্য দিয়েছে। আপনার বিবৃতির স্বপক্ষে যথাসম্ভব বিস্তারিত তথ্য দিন। যেকোনো নথিপত্র সংযুক্ত করুন – মূল নথিপত্র হলে ভালো – যা আপনার উত্তরগুলোকে সমর্থন করে, এর মধ্যে রয়েছে:

- ব্যক্তিগত কাগজপত্র
- পরিচয়ের কাগজপত্র
- ছবি
- ডাক্তারি কাগজপত্র
- অন্যান্য কাগজপত্র।

আপনার আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকারের পূর্বে **অথবা** সাক্ষাৎকার চলাকালীন সময়কালে আপনার বা আপনার পক্ষ থেকে লিখিতভাবে প্রদত্ত যেকোনো কিছু আমরা বিবেচনা করবো। এছাড়া, আপনার পক্ষে আমার কাছে জমা দেওয়া যেকোনো লিখিত নথিপত্রগুলোও আমরা বিবেচনা করবো, যদি আমরা সেগুলো আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকারের পূর্বে **অথবা** সাক্ষাৎকার চলাকালীন দিনগুলোতে পাই (১০ নং পয়েন্ট দেখুন)।

যেহেতু কাগজপত্রগুলো আমাদের অনুবাদ করার প্রয়োজন হতে পারে **অথবা** আপনার সাক্ষাৎকারের সময় আলোচনা করার প্রয়োজন হতে পারে, তাই আপনি আমাদেরকে যত দ্রুত সম্ভব এই লিখিত কাগজপত্রগুলো প্রদান করুন।

আপনি মূল সাক্ষাৎকারের পর আমাদেরকে তথ্য প্রদান করলেও তা হয়তো আমরা বিবেচনা করতে পারি, যদি আমরা ততদিনে আপনার আবেদনের প্রেক্ষিতে মন্ত্রী মহোদয় বরাবর কোনো সুপারিশ না করে থাকি।

3. অনুগ্রহপূর্বক কোনো প্রশ্নের উত্তর ফাঁকা রাখবেন না অথবা উত্তর না দিয়ে ছেড়ে যাবেন না।

আপনার ক্ষেত্রে কোনো প্রশ্ন প্রযোজ্য না হলে, 'প্রযোজ্য নয়' লিখুন। কোনো প্রশ্নের উত্তর না দিয়ে ছেড়ে যাবেন না।

প্রশ্নপত্রের সকল অংশ আপনাকে সম্পূর্ণভাবে পূরণ করতে হবে। আপনি সংশ্লিষ্ট কিছু উল্লেখ না করলে এবং পরবর্তীতে সেই তথ্যের উপর নির্ভর করতে চাইলে, আপনার আবেদনে আপনি যা বলছেন তা বিশ্বাস করা আমাদের জন্য আরও কঠিন হয়ে পড়বে।

4. আপনার প্রদত্ত সকল তথ্য আমরা বিবেচনা করবো

আমরা যখন আপনার আবেদনটি বিবেচনা করবো তখন প্রশ্নপত্রে (পরিচ্ছেদ B) আপনার প্রদত্ত সকল তথ্য এবং আপনি বা আপনার আইনি প্রতিনিধি কর্তৃক প্রদত্ত অন্যান্য নথিপত্র আমরা বিবেচনা করে দেখবো।

আপনার অতিরিক্ত জায়গা প্রয়োজন হলে, বাড়তি পৃষ্ঠা যোগ করুন।

আপনার নিজ দেশে অথবা সাবেক বসবাসকৃত দেশে আপনার সাথে কী ঘটেছিল এবং কোন কারণে আপনি সেখানে ফেরত যেতে পারছেন না সে বিষয়ে বিস্তারিত বর্ণনা করার জন্য আপনার অতিরিক্ত জায়গা প্রয়োজন হতে পারে। তাহলে, অনুগ্রহপূর্বক এই প্রশ্নপত্রের শেষে অতিরিক্ত কিছু পৃষ্ঠা যোগ করুন।

এসব পৃষ্ঠায় যা যা উল্লেখ করবেন:

- আপনার আইপিও (IPO) ব্যক্তিগত আইডি নম্বর (পৃষ্ঠা ১ এর শেষে লেখা আছে)
- তারিখ
- আপনার স্বাক্ষর
- আপনি যেই প্রশ্নের উত্তর দিচ্ছেন তার নম্বর।

5. আপনার আবেদনটি বিবেচনা করার সময়ে আপনার প্রদত্ত তথ্যগুলো কিভাবে ব্যবহার করা হবে

প্রশ্নপত্রে আপনার প্রদত্ত তথ্যগুলো দুটি উপায়ে ব্যবহার করা হবে।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনটি পরীক্ষা ও এ বিষয়ে সুপারিশ করার সময়

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনটি পরীক্ষা ও এ বিষয়ে মন্ত্রী মহোদয়ের কাছে সুপারিশ করার জন্য (শরণার্থী অবস্থা এবং সহায়ক সুরক্ষা) আমরা আপনার তথ্য ব্যবহার করবো। এই পরিভাষাগুলো আমরা ২ নং পৃষ্ঠায় ব্যাখ্যা করেছি।

আপনি আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি পাবেন কিনা সেই সিদ্ধান্ত গ্রহণের সময়।

আমরা সুপারিশ করতে পারি যে আপনাকে যেন শরণার্থী অবস্থা বা সহায়ক সুরক্ষার জন্য অনুমোদিত না করা হয়। তবে, আপনি অন্যান্য কারণে আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি পাবেন কিনা তা বিবেচনা করতে বিচার বিষয়ক মন্ত্রী আপনার তথ্য ব্যবহার করবেন।

6. আপনার পরিবার সম্পর্কিত তথ্য

আপনার পরিবারের সদস্যদের সম্পর্কেও আমরা তথ্য একত্র করছি। আপনি শরণার্থী অবস্থা বা সহায়ক সুরক্ষার জন্য বিবেচিত হওয়ার পর, আপনি পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করার অধিকারী হলে আমাদের এই তথ্য প্রয়োজন হবে।

7. আপনার উপর নির্ভরশীলদের সম্পর্কে

প্রশ্নপত্রটিতে উত্তর দেওয়ার সময়, আমরা চাই আপনি যেন আপনার এবং আপনার উপর নির্ভরশীলদের সম্পর্কে তথ্য প্রদান করেন। আপনি দুটি বানান দেখতে পাবেন: dependant এবং dependent। আয়ারল্যান্ডে:

- 'a dependant' বিশেষ্যটি হলো, কোনো ব্যক্তি (সাধারণত কোনো শিশু অথবা কোনো স্বামী-স্ত্রী - স্ত্রী বা স্বামী)
- 'dependent' বিশেষণটি দ্বারা বোঝায় নির্ভরশীল (যার উপর নির্ভর করা হয়)।

আপনি কেন মনে করেন যে আপনার নির্ভরশীলদের আয়ারল্যান্ডে সুরক্ষা পাওয়া উচিৎ

আপনি কেন মনে করেন আপনার উপর নির্ভরশীলরা আন্তর্জাতিক সুরক্ষা (শরণার্থী অবস্থা বা সহায়ক সুরক্ষা) পাওয়ার অধিকারী তা আমাদেরকে আপনার জানাতে হবে। **শিশু বা অন্য কোনো আত্মীয় নির্ভরশীল হতে পারেন**

আপনি কেন মনে করেন যে আপনার নির্ভরশীলদের এই রাষ্ট্রে অবস্থান করার অনুমতি পাওয়া উচিৎ

আমরা যদি সুপারিশ করি যে আপনি আন্তর্জাতিক সুরক্ষার অধিকারী হতে পারবেন না, তাহলে অন্যান্য আর কী কারণ আছে যার দরুন আমরা আপনার নির্ভরশীলদের আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি দিতে পারি তা আমাদেরকে আপনার জানাতে হবে।

নির্ভরশীলগণ

8. ১৮ বছরের চেয়ে কম বয়সী

নির্ভরশীলগণ প্রায়ই ১৮ বছরের চেয়ে কমবয়সী হয় - অর্থাৎ ১৭ বছর **বা** তার চেয়ে কম বয়সী। আপনার উপর নির্ভরশীল শিশু বর্তমানে আয়ারল্যান্ডে থেকে থাকলে **এবং** সে ১৮ বছরের চেয়ে কম বয়সী হলে, কিন্তু সে আইরিশ নাগরিক না হলে, আমরা তাদেরকে আপনার আবেদনে সংযুক্ত করবো। আপনি সুরক্ষার জন্য আবেদন করার সময় আপনার শিশু আয়ারল্যান্ডে থেকে থাকলে আমরা এটি করবো। তাদের তথ্য প্রশ্নপত্রে সংযুক্ত করার ব্যাপারটি মনে রাখুন।

অর্থাৎ, আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করলে এর মানে হচ্ছে আপনি আপনার উপর নির্ভরশীল শিশু যে একজন আইরিশ নাগরিক নয় তার পক্ষেও আবেদন করেছেন। আপনার উপর নির্ভরশীল শিশু তারাই যাদের ক্ষেত্রে নিম্নোক্ত এক বা একাধিক শর্ত প্রযোজ্য হয়:

- আপনি আবেদন করার সময়, তারা আয়ারল্যান্ডে উপস্থিত এবং ১৭ বছর বা এর চেয়ে কম বয়সী

  অথবা
- আপনি আবেদনকারী থাকা অবস্থায় আয়ারল্যান্ডে জন্মগ্রহণ করেছে

  অথবা

- আপনি আবেদনকারী থাকা অবস্থায় সে যখন আয়ারল্যান্ডে প্রবেশ করেছিল এবং তখন সে ১৭ বছর বা এর চেয়ে কম বয়সী ছিল।

আপনার আবেদনের প্রেক্ষিতে জারি করা যেকোনো সুপারিশ তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

9. আপনার আবেদন করার কারণের মধ্যে আপনার নির্ভরশীলদের বিস্তারিত বর্ণনা থাকতে হবে

আপনি, আপনার সন্তানাদি ও অন্যান্য নির্ভরশীলরা কেন নিম্নোক্ত স্থানগুলো ত্যাগ করেছেন সে বিষয়ে সব কারণ উল্লেখ করতে হবে:

- আপনার নিজ দেশ

  অথবা
- আপনি একজন স্বদেশহীন ব্যক্তি (২ নং পৃষ্ঠায় বর্ণিত) হলে আপনার সাবেক বসবাসকৃত দেশ।

আপনি কেন সেখানে ফিরে যেতে পারবেন না এবং আপনি কেন মনে করেন আপনাকে আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি দেওয়া উচিৎ সেই সম্পর্কিত সকল তথ্য আপনাকে ব্যাখ্যা করতে হবে।

10. আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকার

আপনার সম্পন্নকৃত প্রশ্নপত্র ও অন্যান্য নথিপত্র আমাদের কাছে পাঠানোর পর, অধিকাংশ ক্ষেত্রে আমরা আপনার সাক্ষাৎকার নিবো।

সাক্ষাৎকারে, আপনি কেন আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করছেন তা আমাদের কাছে স্পষ্টভাবে ব্যাখ্যা করার সুযোগ পাবেন। (এই সাক্ষাৎকারকে ধারা ৩৫ সাক্ষাৎকার বলা হয়।)

11. আমাদের সুপারিশ

আপনার সাক্ষাৎকারের পর, আমরা আপনার আবেদনের প্রেক্ষিতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য মন্ত্রী মহোদয় বরাবর একটি সুপারিশ করবো। আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদন বাতিল করা হলে, মন্ত্রী মহোদয় এই রাষ্ট্রে আপনার অবস্থানের অনুমতির বিষয়ে সিদ্ধান্ত নিবেন।

12. আপনাকে অবশ্যই সত্যবাদী ও নির্ভুল হতে হবে

জরুরি নথিপত্র

এটি একটি অতি জরুরি নথি। আপনি আমাদেরকে মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য দিলে অথবা প্রশ্নপত্রে (অথবা অন্য যেকোনো ধাপে) ইচ্ছাকৃতভাবে তথ্য প্রদান না করলে, এর অর্থ হলো আমরা আপনার আবেদনের প্রশ্নপত্রের তথ্য বিশ্বাস করতে পারবো না।

প্রশ্নপত্রে আপনার প্রদত্ত তথ্য এবং সাক্ষাৎকারে আপনার উত্তর ভিন্ন বা অসঙ্গত হলে, আপনি সত্য বলছেন কিনা তা নিয়ে আমাদের সন্দেহ তৈরি হতে পারে। আপনার প্রদত্ত অন্য যেকোনো তথ্যের ব্যাপারেও এটি সত্য। এর ফলে আপনার নিজের ও আপনার নির্ভরশীলদের জন্য করা আবেদনটি বাতিল হতে পারে।

একইভাবে, আপনি আপনার আবেদনে আপনার নিজের ও নির্ভরশীলদের সংশ্লিষ্ট তথ্য উল্লেখ না করলে, তা আপনার আবেদনের প্রেক্ষিতে আমাদের করা সুপারিশে প্রভাব ফেলতে পারে। সুতরাং, আপনি যা জানেন সেই সংশ্লিষ্ট সকল তথ্য

উল্লেখ করুন, এবং পরবর্তীতে আপনার আবেদনটি এগিয়ে নিতে কোনো তথ্য ব্যবহার করতে চাইলে করলে সেই তথ্য এখনই ছেড়ে যাবেন না। সংশ্লিষ্ট তথ্য বাদ দিলে তা আপনার আবেদনটির জন্য ক্ষতিকর হতে পারে।

13. আমরা যদি খুঁজে পাই যে আপনি আমাদেরকে মিথ্যা তথ্য দিয়েছেন, তবে আমরা আপনার সুরক্ষা বাতিল করে দিতে পারি।

যদি আপনাকে বা আপনার নির্ভরশীলদের আন্তর্জাতিক সুরক্ষা অথবা আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি দেওয়া হয়, এবং পরবর্তীতে আমরা জানতে পারি যে আপনি মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য দিয়েছেন, বিশেষত আপনার পরিচয় সম্পর্কিত মিথ্যা ও বিভ্রান্তিকর তথ্য দিয়েছেন, তাহলে আপনার সুরক্ষা অবস্থা অথবা এই রাষ্ট্রে অবস্থান করার অনুমতি বাতিল করা হতে পারে।

14. 'নিরাপদ মাতৃভূমি'

আপনাকে বলা হতে পারে যে আপনি নিরাপদ মাতৃভূমি (আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ এর ধারা ৭২-এ বর্ণিত) হিসেবে খ্যাত একটি দেশ থেকে এসেছেন। এর অর্থ হলো বিচার বিষয়ক মন্ত্রী বিশ্বাস করেন যে আপনার দেশে সাধারণত এবং ধারাবাহিকভাবে:

- কোনো হয়রানি বা নিপীড়ন হয় না
- কোনো নির্যাতন বা অমানবিক বা অবমাননাকর আচরণ অথবা শাস্তি দেওয়া হয় না
- আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতজনিত সহিংসতার দরুন নির্বিচার সহিংসতার কোনো হুমকি নেই।

আপনার আমাদেরকে এটা জানানো জরুরি যে:

- নির্দিষ্ট কোন পরিস্থিতির কারণে আপনি মনে করেন যে সেটি আপনার জন্য নিরাপদ মাতৃভূমি নয়
- আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনের সাথে কেন পরিস্থিতিগুলো সংশ্লিষ্ট।

15. প্রশ্নপত্র সম্পন্ন করার জন্য নির্দেশিকার সারাংশ

প্রশ্নপত্রের উল্লেখিত সকল প্রশ্নের উত্তর দিন। প্রয়োজন হলে, সংশ্লিষ্ট তথ্য আরও বিশদভাবে লিখতে অতিরিক্ত পৃষ্ঠা ব্যবহার করুন। এসব পৃষ্ঠা কিভাবে উল্লেখ করতে হবে তা জানতে ইতোপূর্বে উল্লেখিত ৪ নং পয়েন্টটি দেখুন। যেকোনো অতিরিক্ত কাগজপত্র যত দ্রুত সম্ভব আমাদেরকে দিন।
আপনার আবেদনের স্বপক্ষে আপনি আমাদেরকে কোনো কাগজপত্র দিতে চাইলে, সেগুলো আন্তর্জাতিক সুরক্ষা অফিস (IPO) কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে যত দ্রুত সম্ভব সংগ্রহ করে আমাদের কাছে পাঠান।

ডাক্তারি সনদপত্র

আপনার আবেদনের স্বপক্ষে কোনো ডাক্তারি সনদপত্র থাকলে তা যত দ্রুত সম্ভব আমাদের কাছে পাঠান। আপনার আবেদনের জন্য আপনি যে সকল কাগজপত্রের উপর ভরসা করার পরিকল্পনা করছেন তার সবগুলোই আপনার সাক্ষাৎকারের **পূর্বে** আমাদের কাছে পাঠানো উচিৎ।

সংশ্লিষ্ট সকল কাগজপত্র প্রশ্নপত্রটির সাথে সংযুক্ত করুন

প্রশ্নপত্রটির সাথে, আপনি আমাদের কাছে যা যা পাঠাবেন:

- আপনার ভ্রমণ ও পরিচয় সম্পর্কিত সকল কাগজপত্র
- আপনার আবেদনের সাথে সংশ্লিষ্ট অন্য যেকোনো কাগজপত্র যা আপনার কাছে আছে বা আপনি জোগাড় করতে পারবেন।

16. আপনার তথ্য গোপনীয় থাকবে

আপনার আবেদনের স্বার্থে প্রদত্ত সকল তথ্য আমরা আইন অনুযায়ী ব্যবহার করবো ও সেগুলো গোপন রাখবো। আপনার তথ্য আমরা যাদের সাথে শেয়ার করবো না:

- আপনার নিজ দেশ **অথবা** সাবেক বসবাসকৃত দেশের কর্তৃপক্ষের সাথে
- আয়ারল্যান্ডে নিযুক্ত আপনার দেশের প্রতিনিধি যেমন আপনার দেশের দূতাবাস।

17. আপনার কিছু তথ্য আমরা সংশ্লিষ্ট সংস্থার সাথে শেয়ার করতে পারি

তবে, আপনার কাছ থেকে গৃহীত তথ্য আমরা আইন অনুযায়ী, শরণার্থীর জন্য জাতিসংঘের হাই কমিশনার (UNHCR) এর কাছে শেয়ার করতে পারি। এছাড়া আমরা আয়ারল্যান্ডের কিছু জনসংস্থার কাছে তথ্য শেয়ার করতে পারি যারা হয়তো আপনার সাথে যুক্ত আছে। এর মধ্যে আইরিশ সরকারি বিভাগসমূহ এবং অন্যান্য সংস্থা থাকতে পারে, যেমন:

- অভিবাসন পরিষেবা বিতরণ এবং অভিবাসন কর্তৃপক্ষ
- আইরিশ পুলিশ (Garda Síochána)
- স্থানীয় কর্তৃপক্ষ
- Tusla - শিশু ও পরিবার এজেন্সি।

আমরা এটি করি যাতে এই সমস্ত সংস্থা অ-আইরিশ নাগরিকদের আয়ারল্যান্ডে প্রবেশ বা বহিষ্কার করা সংক্রান্ত আইন প্রয়োগসহ তাদের অন্যান্য কাজ সম্পাদন করতে পারে।

এ সমস্ত বিষয়াদি ব্যবস্থাপনা করার জন্য আমরা ই ইউ ডাবলিন রেগুলেশন এবং ইউরোডাক (EURODAC) ফিঙ্গারপ্রিন্ট রেগুলেশন পরিচালনাকারী দেশসমূহকে কিছু তথ্য দিতে পারি। (একটি আশ্রয় আবেদন প্রক্রিয়া করার জন্য কোন দেশ দায়িত্বপ্রাপ্ত সেই সিদ্ধান্ত নিতে এই রেগুলেশনগুলো আমাদের সাহায্য করে।)

18. আপনার তথ্য আমরা অন্য ক্ষেত্রেও ব্যবহার করে থাকি

কোনো আবেদনকারী **যদি** আপনার সাথে সম্পর্কিত হয়, অথবা তাদের আবেদন যদি কোনোভাবে আপনার আবেদনের সাথে সম্পর্কযুক্ত হয় তাহলে অন্য আবেদন পরীক্ষা করার সময় আমরা আপনার তথ্য ব্যবহার করতে পারি।

পারিবারিক পুনর্মিলন

19. আন্তর্জাতিক সুরক্ষার অনুমোদনপ্রাপ্ত মানুষদের কাছ থেকে প্রাপ্ত পারিবারিক পুনর্মিলনের আবেদন

আপনার পরিবারের সদস্যদের (প্রশ্নপত্রের অংশ ২-এ) সম্পর্কে আপনি আমাদের যে তথ্য দিয়েছেন আমরা তা ভবিষ্যতের কোনো পারিবারিক পুনর্মিলনের আবেদন পরীক্ষা করতে ব্যবহার করবো।

পারিবারিক পুনর্মিলন সম্পর্কে আরও বিশদভাবে জানতে আমরা আপনাকে যেই তথ্য পুস্তিকাটি দিয়েছি অনুগ্রহপূর্বক সেটি দেখুন।

আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদনটি সফল হলে, আপনি পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করতে পারেন। তবে, কোনো পারিবারিক পুনর্মিলনের আবেদন বিবেচনা করতে আমাদের যেসব তথ্য প্রয়োজন হতে পারে সেই সকল তথ্য আপনার অবশ্যই এখন আমাদেরকে দিতে হবে।

পারিবারিক পুনর্মিলনের জন্য আবেদন করতে আপনার কাছে ১২ মাস সময় আছে।

আপনি পারিবারিক পুনর্মিলনের জন্য মন্ত্রী মহোদয় বরাবর আবেদন করতে চাইলে, আপনি শরণার্থী হিসেবে অথবা সহায়ক সুরক্ষার জন্য অনুমতি পাওয়ার ১২ মাসের মধ্যে তা করতে হবে।

20. প্রশ্নপত্র

প্রশ্নপত্রটি পূরণ করুন (এটি পরের পৃষ্ঠা থেকে শুরু হবে)।

এই প্রশ্নপত্রটি অবশ্যই **নীল অথবা কালো** কালি দিয়ে সম্পূর্ণরূপে পূরণ করতে হবে, শেষে তারিখ ও স্বাক্ষর প্রদান করতে হবে। এই প্রশ্নপত্র পূরণে আপনাকে অন্য কোনো ব্যক্তি সাহায্য করলে, তাদের সম্পর্কিত বিস্তারিত তথ্যও তাদেরকে উল্লেখ করতে হবে।

নির্ধারিত তারিখের পূর্বে ফেরত পাঠান।

নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে freepost খামে উল্লেখিত ঠিকানায় এই প্রশ্নপত্রটি ফেরত পাঠাতে হবে। আপনি খাম হারিয়ে ফেললে, নির্দেশিকার পৃষ্ঠা ১ এ উল্লেখিত ঠিকানায় এই প্রশ্নপত্রটি পাঠাতে হবে।

দেরি করে উত্তর দিলে আপনার আবেদনটির ক্ষতি হতে পারে

প্রশ্নপত্রটি আমাদেরকে পাঠানোর তারিখ ও সময়সীমা মিস করলে অথবা আমাদের নির্ধারিত সময়ে সাক্ষাৎকারের জন্য আপনি উপস্থিত না থাকলে, আপনার আবেদনটি পরীক্ষা করার সময় আমরা সিদ্ধান্ত নিতে পারি যে আপনি আমাদের সাথে ‘সহযোগিতা করছেন না’ - কাজ করছেন না। এটি আপনার আবেদনটির ক্ষতি করতে পারে।

আপনি আন্তর্জাতিক সুরক্ষা আবেদনে সহযোগিতা করছেন না এরূপ মনে হলে তার পরিণাম কী হবে তা ‘আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকা’-তে উল্লেখ করা আছে।

পরিশেষে, আমরা আশা করি প্রশ্নপত্রটি সম্পন্ন করতে এবং আমাদের কাছে পাঠানো প্রয়োজন এমন কোনো সংশ্লিষ্ট কাগজপত্র শনাক্ত করতে এই নির্দেশনাগুলো আপনাকে সহায়তা করবে।

প্রশ্নপত্র – পরিচ্ছেদ B

Bengali

১। মূল আবেদনকারী সম্পর্কিত তথ্য

1.1 **অনুগ্রহপূর্বক নিচের অংশগুলো যথাসম্ভব সম্পূর্ণরূপে পূরণ করুন। আপনার উত্তরগুলো সাদা বাক্সে লিখুন।**

আইপিও (IPO) ব্যক্তি পরিচয় নম্বর (আইডি নম্বর - নির্দেশিকার পৃষ্ঠা ১ দেখুন):

নাম অথবা নামসমূহ:

পারিবারিক নাম:

লিঙ্গ:

পুরুষ ☐ নারী ☐ অন্যান্য ☐

জন্ম তারিখ:	দিন	মাস	বছর

জন্মস্থানের টাউন বা শহর:

জন্মস্থানের দেশ:

জাতীয়তা:

জাতি, জাতিগত গোষ্ঠী অথবা উপজাতি:

ধর্ম:

আয়ারল্যান্ডে বর্তমান ঠিকানা:

ইমেইল ঠিকানা:

ফোন নম্বর:

মোবাইল নম্বর:

1.1 **অনুগ্রহপূর্বক নিচের অংশগুলো যথাসম্ভব সম্পূর্ণরূপে পূরণ করুন। আপনার উত্তরগুলো সাদা বাক্সে লিখুন।**

1.2 অন্যত্র ঠিকানা

আপনার নিজ দেশ অথবা সাবেক বসবাসকৃত দেশে আপনার যে মূল ঠিকানা ছিল এবং আপনি অন্য যেসব ঠিকানায় অবস্থান করেছেন সেগুলো তালিকাবদ্ধ করুন। অনুগ্রহপূর্বক **সম্পূর্ণ** ঠিকানা লিখুন। আপনি সেখানে কোন তারিখে অবস্থান করেছেন তা লিখুন। **আপনার উত্তরগুলো সাদা বাক্সে লিখুন।** প্রয়োজন হলে আপনি অতিরিক্ত পৃষ্ঠা নিন।

সম্পূর্ণ ঠিকানা:			
যে তারিখ থেকে: মাস	বছর	যে তারিখ পর্যন্ত: মাস	বছর

সম্পূর্ণ ঠিকানা:			
যে তারিখ থেকে: মাস	বছর	যে তারিখ পর্যন্ত: মাস	বছর

সম্পূর্ণ ঠিকানা:			
যে তারিখ থেকে: মাস	বছর	যে তারিখ পর্যন্ত: মাস	বছর

সম্পূর্ণ ঠিকানা:			
যে তারিখ থেকে: মাস	বছর	যে তারিখ পর্যন্ত: মাস	বছর

2. পরিবার

2.1 এই অংশে আমরা আপনার পরিবার সম্পর্কিত কিছু প্রশ্ন করতে চাই। অনুগ্রহ করে আপনার উত্তরগুলো সাদা বাক্সে লিখুন।

আমরা আপনার স্বামী-স্ত্রী (স্বামী অথবা স্ত্রী), সঙ্গী অথবা আইনসংগত সঙ্গী সম্পর্কে জিজ্ঞাসা করবো।

একটি নিবন্ধন পদ্ধতির মাধ্যমে মানুষজন আইনসংগত সঙ্গী হয় যা একই-লিঙ্গের যুগলদের অবস্থাকে স্বীকৃতি দিয়ে থাকে। আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর সাথে আপনি হয়তো নিম্নোক্ত এক বা একাধিক উপায়ে যুক্ত হয়েছেন:

- ধর্মীয় আচার আচরণ (আচার আচরণ হলো কোনো অনুষ্ঠান বা আইন)
- ঐতিহ্যগত আচার আচরণ
- আইনসংগত অনুষ্ঠান (বিবাহ), আরও রয়েছে আইনসংগত পার্টনারশিপ অনুষ্ঠান
- প্রতিনিধি দ্বারা বিবাহ (এক্ষেত্রে যারা বিয়ে করছেন তাদের মধ্যে এক বা উভয় ব্যক্তি শারীরিকভাবে বিবাহে উপস্থিত থাকেন না। সাধারণত অন্যান্য মানুষেরা তাদের প্রতিনিধিত্ব করে থাকেন।)

অনুগ্রহপূর্বক আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গী সম্পর্কে নিম্নোক্ত তথ্য প্রদান করুন।

2.1 এই অংশে আমরা আপনার পরিবার সম্পর্কিত কিছু প্রশ্ন করতে চাই। অনুগ্রহ করে আপনার উত্তরগুলো সাদা বাক্সে লিখুন।

আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর নাম:

তাদের জন্ম তারিখ:	দিন মাস বছর
জন্মস্থানের দেশ:	
জন্মস্থানের শহর:	
জাতীয়তা:	

এটি কোন ধরণের বিবাহ অথবা আইনসংগত পার্টনারশিপ বিবাহ ছিল?

আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর সাথে আপনার শেষ কবে যোগাযোগ হয়েছে?

আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর বর্তমানে কোথায় আছেন?

আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গী এখনো জীবিত আছেন? হ্যাঁ ☐ না ☐

আপনার স্বামী/স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর জন্য আপনার কাছে কোনো আইপিও রেফারেন্স নম্বর আছে? হ্যাঁ ☐ না ☐
উত্তর 'হ্যাঁ' হলে অনুগ্রহপূর্বক নম্বরটি এখানে লিখুন: ____________________

অনুগ্রহপূর্বক আপনার স্বামী-স্ত্রী, সঙ্গী অথবা আইনসংগত সঙ্গীর - সর্বশেষ জ্ঞাত ঠিকানাটি লিখুন:

2.2 আয়ারল্যান্ডে পরিবারের সদস্যগণ

আপনার পরিবারের কোনো সদস্য আয়ারল্যান্ডে আছে? উত্তর 'হ্যাঁ' হলে নিচে বিস্তারিত বিবরণ দিন। হ্যাঁ ☐ না ☐

তাদের নাম কী?	আপনার সাথে তাদের সম্পর্ক কী?	তাদের বয়স কত?
১।	১।	১।
২।	২।	২।
৩।	৩।	৩।

তাদের ঠিকানা কী?

2.2 আয়ারল্যান্ডে পরিবারের সদস্যগণ
এই রাষ্ট্রে (আয়ারল্যান্ড) তাদের অভিবাসন অবস্থা কি?

2.3 অনুগ্রহপূর্বক আপনার সকল সন্তানের বিস্তারিত বিবরণ দিন

অনুগ্রহপূর্বক আমাদেরকে আপনার সাথে সম্পর্কিত নিম্নোক্ত ব্যক্তিদের সম্বন্ধে তথ্য দিন:

- নিজ সন্তান
- সৎ সন্তান
- আশ্রিত সন্তান
- আপনি দেখাশুনা করেন এমন অন্য কোনো শিশু

আপনার সন্তানদের সাথে আপনার যোগাযোগ বিচ্ছিন্ন থাকলেও আপনাকে নিম্নোক্ত স্থানে তাদের বিস্তারিত বিবরণ দিতে হবে।

	সন্তান ১			সন্তান ২			সন্তান ৩		
নাম:									
লিঙ্গ:									
জন্ম তারিখ:	দিন	মাস	বছর	দিন	মাস	বছর	দিন	মাস	বছর
জন্মস্থান এবং জন্মস্থানের দেশ:									
জাতীয়তা:									
তাদের বর্তমান অবস্থান:									
আপনার সাথে সম্পর্ক:									
তাদের সাথে আপনার শেষ কবে সাক্ষাৎ বা যোগাযোগ হয়েছে?									
জন্মদাতা পিতা-মাতা উভয়ের নাম:									

আপনার কি আরও সন্তান রয়েছে?

আরও সন্তানদের বিস্তারিত বিবরণ দিতে আপনার বাড়তি জায়গা প্রয়োজন হলে, অনুগ্রহপূর্বক আলাদা কাগজ যুক্ত করুন। প্রতিটি অতিরিক্ত পৃষ্ঠায় আপনার পুরো নাম এবং আইপিও রেফারেন্স নম্বর লিখুন। কাগজে উল্লেখ করুন যে আপনি ২.৩ নং প্রশ্নের (উপরের) উত্তর দিচ্ছেন এবং স্বাক্ষর করুন।

আপনার আবেদনের পর যেই সন্তান আয়ারল্যান্ডে জন্মগ্রহণ করছে অথবা আয়ারল্যান্ডে এসেছে

আন্তর্জাতিক সুরক্ষা অফিসকে আপনার অবিলম্বে জানাতে হবে:

- আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার পর আপনার সন্তান জন্মগ্রহণ করলে
- আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার পর আপনার উপর নির্ভরশীল সন্তান আয়ারল্যান্ডে এসে থাকলে।

আপনার পরিবারের অন্যান্য প্রাপ্তবয়স্ক সদস্যদের সম্পর্কে আমাদেরকে অবশ্যই জানাতে হবে

আপনারা স্বামী/স্ত্রী অথবা সঙ্গী সহ, সকল প্রাপ্তবয়স্ক সদস্যদেরকে (১৮ বছরের বেশি) তাদের নিজস্ব আবেদন জমা করতে হবে, তবুও এই প্রশ্নপত্রে আপনাকে অবশ্যই তাদের বিস্তারিত বিবরণ দিতে হবে।

2.4 নির্ভরতার বিস্তারিত

পূর্বে আপনার সন্তানদের তালিকা দিয়েছেন, তারা কেন ও কিভাবে আপনার উপর নির্ভরশীল অনুগ্রহপূর্বক তা এখানে বলুন। প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক অতিরিক্ত পৃষ্ঠা যোগ করুন।

সন্তান ১:

সন্তান ২:

সন্তান ৩:

2.5 আয়ারল্যান্ডের সাথে সংযোগ

আপনার অথবা আপনার কোনো নির্ভরশীল, অথবা উভয়েরই আয়ারল্যান্ডের সাথে কোনো সম্পর্ক আছে? উদাহরণস্বরূপ, আপনি কি:

- কোনো আইরিশ নাগরিককে বিয়ে করেছেন
- কোনো আইরিশ সন্তানের পিতা-মাতা
- ইইউ (EU) জাতীয়তার কাউকে বিয়ে করেছেন?

সঠিক স্থানে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

উত্তর ‘হ্যাঁ ’ হলে, অনুগ্রহ করে এখানে বিস্তারিত বিবরণ দিন।

আপনার পিতামাতা

2.6 অনুগ্রহপূর্বক আপনার পিতামাতার বিস্তারিত বিবরণ দিন

পিতা

পারিবারিক নাম:			
নাম:			
বর্তমান ঠিকানা:			
জন্ম তারিখ:	দিন	মাস	বছর
জাতীয়তা:			
নাগরিকত্ব(সমূহ):		জাতি, জাতিগত গোষ্ঠী অথবা উপজাতি:	

2.6 অনুগ্রহপূর্বক আপনার পিতামাতার বিস্তারিত বিবরণ দিন

মাতা

পারিবারিক নাম:			
নাম:			
বর্তমান ঠিকানা:			
জন্ম তারিখ:	দিন	মাস	বছর
জাতীয়তা:			
নাগরিকত্ব(সমূহ):		জাতি, জাতিগত গোষ্ঠী অথবা উপজাতি:	

আপনার পিতামাতা কি জীবিত না মৃত?

আপনার পিতা

আপনার পিতা কি মৃত (মৃত)?			হ্যাঁ ☐ না ☐
উত্তর 'হ্যাঁ' হলে অনুগ্রহপূর্বক তার মৃত্যুর তারিখ উল্লেখ করুন তার মৃত্যু সনদ থেকে থাকলে সেটি অনুগ্রহপূর্বক আমাদের দিন।	দিন	মাস	বছর
আপনি কি আপনার পিতার মূল মৃত্যু সনদ সংযুক্ত করেছেন?			হ্যাঁ ☐ না ☐

আপনার মাতা

আপনার মাতা কি মৃত (মৃত)?			হ্যাঁ ☐ না ☐
উত্তর 'হ্যাঁ' হলে অনুগ্রহপূর্বক তার মৃত্যুর তারিখ উল্লেখ করুন তার মৃত্যু সনদ থেকে থাকলে সেটি অনুগ্রহপূর্বক আমাদের দিন।	দিন	মাস	বছর
আপনি কি আপনার মায়ের মূল মৃত্যু সনদ সংযুক্ত করেছেন?			হ্যাঁ ☐ না ☐

আপনার ভাইবোন (ভাই, বোন, সমভাই, সমবোন)

2.7 আয়ারল্যান্ডে বাসস্থান (বসবাসের)

আপনার জানা মতে, আপনার ভাইবোন, পিতামাতা অথবা পরিবারের অন্য কোনো সদস্য কি আয়ারল্যান্ডে বসবাস করনে? হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে, আপনার পরিবারের সদস্যের কি আয়ারল্যান্ডে থাকার অনুমতি আছে? হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে, কিসের ভিত্তিতে (কারণসমূহ)?

2.8 অনুগ্রহপূর্বক আপনার সকল ভাইবোনের (মৃতদের তথ্য সহ) বিস্তারিত তথ্য দিন			
ভাই ও বোনদের (এবং সমভাই, সমবোন, সৎ ভাই, সৎ বোন, প্রযোজ্য হলে) অন্তর্ভুক্ত করুন। এরা হলেন ভাইবোন। প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [২.৮] উল্লেখ করুন)।			
	ভাইবোন ১	**ভাইবোন ২**	**ভাইবোন ৩**
পারিবারিক নাম:			
নাম:			
লিঙ্গ:			
ধর্ম:			
জাতীয়তা:			
নাগরিকত্ব(সমূহ):			
জাতি, অথবা জাতিগত গোষ্ঠী অথবা উপজাতি:			
জন্ম তারিখ:	দিন	দিন	দিন
	মাস	মাস	মাস
	বছর	বছর	বছর
তাদের বর্তমান অবস্থান কোথায়?			
পিতার নাম			
মাতার নাম			
আপনার সাথে সম্পর্ক:			

অন্যান্য নির্ভরশীলগণ

2.9 অন্য কোনো অতিরিক্ত নির্ভরশীলগণ			
আপনার উপর নির্ভরশীল অন্য কোনো ব্যক্তি থাকলে, অনুগ্রহপূর্বক তাদের সম্পূর্ণ বিস্তারিত বিবরণ এবং তাদের সাথে আপনার সম্পর্ক এই টেবিলে উল্লেখ করুন। এই নির্ভরশীলদের অন্তর্ভুক্ত হতে পারে: • দাদা-দাদী • ফুফু/খালা • চাচা/মামা • চাচাতো/মামাতো ভাইবোন • আপনার অধীনস্থ অন্য যে কেউ।			
	অন্যান্য অতিরিক্ত নির্ভরশীল ১	অন্যান্য অতিরিক্ত নির্ভরশীল ২	অন্যান্য অতিরিক্ত নির্ভরশীল ৩
পারিবারিক নাম:			

2.9 অন্য কোনো অতিরিক্ত নির্ভরশীলগণ			
নাম:			
লিঙ্গ:			
ধর্ম:			
জাতীয়তা:			
নাগরিকত্ব(সমূহ):			
জাতি, অথবা জাতিগত গোষ্ঠী অথবা উপজাতি:			
জন্ম তারিখ:	দিন	দিন	দিন
	মাস	মাস	মাস
	বছর	বছর	বছর
তাদের বর্তমান অবস্থান কোথায়?			
আপনার সাথে সম্পর্ক:			
তারা আপনার উপর নির্ভরশীল কেন? উদাহরণস্বরূপ, তারা বৃদ্ধ, অসুস্থ, অথবা তাদের কোনো অক্ষমতা রয়েছে।			
প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [২.৯] উল্লেখ করুন)।			

3. শিক্ষা ও চাকরির বিবরণ

3.1 প্রথাগত শিক্ষা অথবা প্রশিক্ষণ গ্রহণের সময়কাল

অনুগ্রহপূর্বক আপনি কোন স্তর পর্যন্ত শিক্ষিত তা আমাদের জানান: উদাহরণস্বরূপ প্রাথমিক (১২ বছর বয়স পর্যন্ত), মাধ্যমিক (১৮ বছর বয়স পর্যন্ত) অথবা তৃতীয় স্তর (সাধারণত ১৮ বছরের বেশি)?
আপনি কোনো স্কুল অথবা কলেজ থেকে শিক্ষা গ্রহণ করে থাকলে, অনুগ্রহপূর্বক সেগুলো অন্তর্ভুক্ত করুন।

আপনার অধ্যয়নকৃত স্কুল বা কলেজের নাম ও ঠিকানা:

হইতে: মাস বছর	পর্যন্ত: মাস বছর

অর্জিত যোগ্যতাসমূহ:

আপনার অধ্যয়নকৃত স্কুল বা কলেজের নাম ও ঠিকানা:

হইতে: মাস বছর	পর্যন্ত: মাস বছর

অর্জিত যোগ্যতাসমূহ:

আপনার অধ্যয়নকৃত স্কুল বা কলেজের নাম ও ঠিকানা:

হইতে: মাস বছর	পর্যন্ত: মাস বছর

অর্জিত যোগ্যতাসমূহ:

আপনি কি মূল সনদপত্র সংযুক্ত করেছেন?

হ্যাঁ ☐ না। ☐

প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [৩.১] উল্লেখ করুন)।

3.2 চাকরি ও স্বনির্ভর কাজ

অনুগ্রহ পূর্বক আপনার সকল চাকরি অথবা স্বনির্ভর কাজগুলোর বিবরণ দিন। সাম্প্রতিক কাজ দিয়ে শুরু করুন। আপনার কাছে চাকরির দালিলিক প্রমাণপত্র থাকলে, সেগুলো এই প্রশ্নপত্রের সাথে জমা দিন।

কোম্পানি বা চাকরিদাতার নাম ও ঠিকানা:

হইতে: মাস	বছর	পর্যন্ত: মাস	বছর

কাজের ধরণ:

কোম্পানি বা চাকরিদাতার নাম ও ঠিকানা:

হইতে: মাস	বছর	পর্যন্ত: মাস	বছর

কাজের ধরণ:

আপনি কি এসব চাকরির দালিলিক প্রমাণপত্র সংযুক্ত করেছেন?

হ্যাঁ ☐ না। ☐

প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [৩.২] উল্লেখ করুন এবং স্বাক্ষর করুন)।

4. আপনি কেন আয়ারল্যান্ডে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করছেন তা অনুগ্রহপূর্বক আমাদের জানান

4.1 পাঁচটির মধ্যে যেকোনো একটি কারণ

শরণার্থী অবস্থার জন্য বিবেচিত হতে এই পাঁচটির মধ্যে যেকোনো এক বা একাধিক কারণে একজন ব্যক্তির হয়রানির ভয় থাকতে হবে।

কিসের ভিত্তিতে (কারণে) আপনি ও আপনার নির্ভরশীলগণ উভয়ই, সুস্পষ্টভাবে হয়রানির স্বীকার হওয়ার দাবি করছেন?

অনুগ্রহপূর্বক নিম্নে যথাযথ বাক্সে টিক চিহ্ন দিয়ে আপনার ক্ষেত্রে প্রযোজ্য সকল কারণ বাছাই করুন। আপনার একাধিক স্থানে টিক চিহ্ন দেওয়ার প্রয়োজন হতে পারে।

১। জাতি	☐	২। ধর্ম	☐	৩। জাতীয়তা	☐
৪। রাজনৈতিক দৃষ্টিভঙ্গি	☐	৫। কোনো নির্দিষ্ট সামাজিক দলের সদস্যপদ	☐	এগুলোর কোনটিই নয়	☐

4.1 পাঁচটির মধ্যে যেকোনো একটি কারণ

অনুগ্রহপূর্বক আপনার নিজস্ব কারণগুলো পরবর্তী পৃষ্ঠায় আমাদেরকে জানান:

প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক আরও পৃষ্ঠা ব্যবহার করুন। পৃষ্ঠাগুলোতে আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি এই প্রশ্নের নম্বর [৪.১] উল্লেখ করুন।

4.2 নির্দিষ্ট সামাজিক দল

আপনি কি জানেন কোনো নির্দিষ্ট সামাজিক দলে থাকার ভিত্তিতে আপনার আবেদনটি করা হয়েছে কিনা? হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে অনুগ্রহপূর্বক এখানে বিস্তারিত বিবরণ দিন।

উত্তর 'না' হলে, কোনো নির্দিষ্ট সামাজিক দলে থাকার ভিত্তিতে আপনার আবেদনটি করা হয়েছে কিনা তা আপনি না জেনে থাকলে, আমরা আপনার প্রদত্ত অন্যান্য তথ্যের ভিত্তিতে এটাকে আপনার জন্য বিবেচনা করবো।

4.3 যে কারণে আপনার নির্ভরশীলগণ হয়রানির শিকার হওয়ার ভয় পায়

অনুগ্রহপূর্বক আপনার নির্ভরশীলদের হয়রানির শিকার হওয়ার ভয় পাওয়ার কারণ আপনার কারণ (উপরে ৪.১ নং-এ বর্ণিত) এর চেয়ে ভিন্ন **হলে**, তাদের ভয় পাওয়ার কারণ ব্যাখ্যা করুন। প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক আরও পৃষ্ঠা ব্যবহার করুন (পৃষ্ঠাগুলোতে আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর সহ, এই প্রশ্নের নম্বর [৪.৩] উল্লেখ করুন)।

নির্ভরশীলের নাম:

তারা কোন ক্ষেত্রে সুস্পষ্টভাবে হয়রানির শিকার হওয়ার ভয় পাচ্ছেন বলে আপনি বিশ্বাস করেন:

নির্ভরশীলের নাম:

তারা কোন ক্ষেত্রে সুস্পষ্টভাবে হয়রানির শিকার হওয়ার ভয় পাচ্ছেন বলে আপনি বিশ্বাস করেন:

4.4 আপনি মারাত্মক ক্ষতির ভয় পান

কোনো ব্যক্তি তার নিজ দেশে ফেরত গেলে তারা মারাত্মক ক্ষতিতে ভোগার বাস্তবিক ঝুঁকিতে আছেন, এটা বিশ্বাস করার জন্য যথাযথ প্রমাণ থাকলে তার সহায়ক সুরক্ষার প্রয়োজন হয়। সে দেশের সুরক্ষা প্রার্থনা করার জন্য তাদের অবশ্যই অক্ষমতা অথবা অনেক বেশি ঝুঁকিতে থাকতে হবে।

আপনি কেন দাবি করেন যে আপনি মারাত্মক ক্ষতির ঝুঁকিতে আছেন তা অনুগ্রহপূর্বক আমাদের জানান। আপনি এক বা একাধিক স্থানে টিক চিহ্ন দিতে পারেন।

আমি মৃত্যুদন্ড বা ফাঁসির ভয় পাই।	☐
আমি নিজ দেশে নির্যাতন বা অমানবিক বা অবমাননাকর আচরণ অথবা শাস্তির ভয় পাই।	☐
আমি আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতজনিত নির্বিচার সহিংসতার কারণে বেসামরিক জীবনপ্রবাহের প্রতি মারাত্মক ও একক হুমকির ভয় পাই।	☐

4.5 আপনার নির্ভরশীলরা মারাত্মক ক্ষতির ভয় পান

আপনার আবেদনে কোনো নির্ভরশীলের বিষয়ে উল্লেখ থাকলে, তারা কেন মারাত্মক ক্ষতির দাবি করছেন তা অনুগ্রহপূর্বক আমাদের জানান।

নির্ভরশীলের নাম:

তারা কেন মারাত্মক ক্ষতির ভয় পাচ্ছেন বলে আপনি বিশ্বাস করেন:

নির্ভরশীলের নাম:

তারা কেন মারাত্মক ক্ষতির ভয় পাচ্ছেন বলে আপনি বিশ্বাস করেন:

প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক আরও পৃষ্ঠা ব্যবহার করুন। পৃষ্ঠাগুলোতে আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি এই প্রশ্নের নম্বর [৪.৫] উল্লেখ করুন।

4.6 গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ যেগুলোর উত্তর আপনাকে দিতে হবে

এই অংশের প্রশ্নগুলো আপনার আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের খুব গুরুত্বপূর্ণ অংশ। নিচের সাদা বাক্সে আপনার নিজের ও আপনার নির্ভরশীলদের (কেউ থেকে থাকলে) আন্তর্জাতিক সুরক্ষা আবেদন সম্পর্কে নিম্নোক্ত তথ্য দিন।

- আপনার জানা থাকলে অনুগ্রহপূর্বক তারিখগুলো উল্লেখ করুন।
- নিচের প্রশ্নগুলো সাবধানে পড়ুন এবং আপনি প্রতিটি প্রশ্নের উত্তর দিয়েছেন কিনা তা নিশ্চিত করুন।

প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক আরও পৃষ্ঠা ব্যবহার করুন (পৃষ্ঠাগুলোতে আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি এই প্রশ্নের নম্বর [৪.৬] উল্লেখ করুন)।

(1) আপনি নিম্নোক্ত স্থানগুলোতে ফেরত গেলে আপনি কী ঘটার ভয় পান:

- নিজ দেশ, অথবা
- আপনার সাবেক বসবাসকৃত দেশ?

(2) অনুগ্রহপূর্বক নিজ দেশে আপনার, আপনার নির্ভরশীল অথবা উভয়ের সাথে সংঘটিত নির্দিষ্ট ঘটনাগুলো যা আপনাকে অথবা আপনার নির্ভরশীলদের ফেরত যেতে ভীত করে তোলে তার বিস্তারিত বিবরণ দিন।

(3) আপনার ও (উপযুক্ত ক্ষেত্রে) আপনার পরিবারের সদস্যদের সাথে যেকোনো বৈরিতামূলক কাজ বা আচরণ সম্পর্কে আমাদের জানান। এই রকম কাজ বা আচরণ কে করেছে তা আমাদের জানান।

(4) আপনি, আপনার নির্ভরশীল অথবা উভয়ই কেন দেশ ত্যাগ করার সিদ্ধান্ত নিলেন তা আমাদের জানান।

(5) অতীতে আপনি, আপনার উপর নির্ভরশীল অথবা উভয়ই, অথবা পরিবারের অন্যান্য সদস্যরা হয়রানি বা মারাত্মক ক্ষতির সম্মুখীন হয়ে থাকল তা আমাদের জানান।

4.6 গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ যেগুলোর উত্তর আপনাকে দিতে হবে

(6) আপনি, আপনার উপর নির্ভরশীল অথবা উভয়ই, নিজ দেশে নির্দিষ্ট কোনো ব্যক্তি, সংস্থা অথবা দলকে ভয় পেলে, তাদের নাম ও তাদের সম্পর্কে যথাসম্ভব বিস্তারিত বিবরণ দিন। তারা কী করেছে (কিছু করে থাকলে) যার কারণে আপনি অথবা আপনার নির্ভরশীলরা দেশে ফিরতে ভয় পাচ্ছেন তা আমাদেরকে জানানোর চেষ্টা করুন।

(7) আপনি, আপনার নির্ভরশীলরা অথবা উভয়ের সাথেই আয়ারল্যান্ডে আসার পথে যেকোনো কিছু ঘটে থাকলে তার বিস্তারিত বিবরণ দিন।

(8) নিজ দেশ থেকে আপনি ও আপনার নির্ভরশীলরা কিভাবে আয়ারাল্যান্ডে এসেছেন? (ব্যবহৃত যানবাহন এবং অতিক্রম করা দেশসমূহ)

(9) আপনি, আপনার নির্ভরশীলগণ অথবা উভয়ই, আয়ারল্যান্ডে আসার পর থেকে, যদি এমন কোনো কিছু হয়ে থাকে যার ফলে আপনারা নিজ দেশে ফিরে যেতে ভয় পাচ্ছেন, তার বিস্তারিত বিবরণ দিন।

(10) আপনার নির্ভরশীলদের ক্ষেত্রে আপনার নিজের ভয়ের থেকে ভিন্ন কোনো ভয় কাজ করলে তা লিখুন।

(11) আপনি কোনো প্রখ্যাত নিরাপদ মাতৃভূমি থেকে এসে থাকলে, আপনার নিজ দেশকে আপনার, আপনার নির্ভরশীলগণ অথবা উভয়ের জন্য অনিরাপদ দেশ হিসেবে বিবেচনা করার জন্য আপনার কী কী মারাত্মক কারণ রয়েছে তা অনুগ্রহপূর্বক আমাদের বলুন।

প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক আরও পৃষ্ঠা ব্যবহার করুন (পৃষ্ঠাগুলোতে আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি এই প্রশ্নের নম্বর [৪.৬] উল্লেখ করুন)।

4.6 গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহ যেগুলোর উত্তর আপনাকে দিতে হবে

5. সুরক্ষা আবেদনের জন্য সাধারণ তথ্য

5.1 ঘটনাসমূহ রিপোর্ট করা

আপনার বা আপনার নির্ভরশীলদের প্রতি সংঘটিত হওয়া কোনো ঘটনা সম্পর্কে আপনার নিজ দেশের বা সাবেক বসবাসকৃত দেশের কর্তৃপক্ষকে কি আপনি অবহিত করেছিলেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে আপনি কখন ও কাকে এটা অবহিত করেছিলেন?
কর্তৃপক্ষ কি পদক্ষেপ গ্রহণ করেছিল?
অনুগ্রহপূর্বক এই ব্যাপারটি প্রমাণে সহায়তা করতে পারে এমন কোনো কাগজপত্র থেকে থাকলে তা সংযুক্ত করুন।

উত্তর 'না' হলে আপনি কেন অবহিত করেননি তা পরিষ্কারভাবে ব্যাখ্যা করুন।

5.1 ঘটনাসমূহ রিপোর্ট করা

5.2 ফৌজদারি দন্ডাদেশ

আপনি কি কখনো কোনো দেশে কোনো অপরাধ সংঘটন করেছেন বা কোনো অপরাধ সংঘটনের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন।

অনুগ্রহপূর্বক একটি বক্সে টিক দিন এবং হ্যাঁ-তে টিক দিয়ে থাকলে দেশটির নাম লিখুন।	হ্যাঁ ☐ না ☐ হ্যাঁ হলে, কোন দেশ: ________

উত্তর 'হ্যাঁ' হলে অনুগ্রহ করে নিচে বিস্তারিত বিবরণ দিন। প্রতিটি অপরাধের জন্য একটি স্থান পূরণ করুন। যেসব অপরাধের জন্য আপনি অভিযুক্ত হয়েছিলেন, ক্ষমাপ্রাপ্ত হয়েছিলেন বা খালাস পেয়েছিলেন তার সবগুলোই উল্লেখ করুন।

অপরাধ ১

আপনি কোন অপরাধে অভিযুক্ত হয়েছিলেন?				
আপনি কখন অভিযুক্ত হয়েছিলেন?		দিন	মাস	বছর
এই অভিযোগের জন্য আপনি কি সাজাপ্রাপ্ত হয়েছিলেন?			হ্যাঁ ☐	না ☐
এই অপরাধের জন্য কি আপনাকে হেফাজতে (কারাগার) থাকার সাজা ভোগ করতে হয়েছে?			হ্যাঁ ☐	না ☐
উত্তর 'হ্যাঁ' হলে সাজা শুরুর ও ছাড়া পাওয়ার তারিখ লিখুন।	শুরুর তারিখ:	দিন	মাস	বছর
	ছাড়া পাওয়ার তারিখ:	দিন	মাস	বছর

অপরাধ ২

আপনি কোন অপরাধে অভিযুক্ত হয়েছিলেন?				
আপনি কখন অভিযুক্ত হয়েছিলেন?				
এই অভিযোগের জন্য আপনি কি সাজাপ্রাপ্ত হয়েছিলেন?	হ্যাঁ ☐			না ☐
এই অপরাধের জন্য কি আপনাকে হেফাজতে বা কারাগারে থাকার সাজা ভোগ করতে হয়েছে?	হ্যাঁ ☐			না ☐
উত্তর 'হ্যাঁ' হলে সাজা শুরুর ও ছাড়া পাওয়ার তারিখ লিখুন।	শুরুর তারিখ:	দিন	মাস	বছর
	ছাড়া পাওয়ার তারিখ:	দিন	মাস	বছর

প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [৫.২] উল্লেখ করুন)।

6. ভিসা, আবাসন ও অন্যান্য ভ্রমণ সম্পর্কিত তথ্যাবলি

6.1 আপনার ভ্রমণের বিবরণ

আপনি কি পূর্বে আপনার নিজ দেশ অথবা সাবেক বসবাসকৃত দেশের বাইরে কোথাও ভ্রমণ করেছেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

6.2 আপনার নির্ভরশীলদের ভ্রমণের বিবরণ

আপনার নির্ভরশীলদের কেউ কি পূর্বে তার নিজ দেশ অথবা সাবেক বসবাসকৃত দেশের বাইরে কোথাও ভ্রমণ করেছে?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

6.3 পাসপোর্ট আবেদন

আপনি বা আপনার নির্ভরশীলরা কি কখনো আপনার বা তাদের নিজ দেশ বা তাদের সাবেক বসবাসকৃত দেশে পাসপোর্টের জন্য আবেদন করেছিলেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

6.4 কোনো আবেদনকারীই পাসপোর্টের জন্য আবেদন করেনি কেন

আপনি বা আপনার নির্ভরশীলরা কখনো আপনার বা তাদের নিজ দেশ বা তাদের সাবেক বসবাসকৃত দেশের কর্তৃপক্ষের কাছে পাসপোর্টের জন্য আবেদন না করে থাকলে, কেন আবেদন করেননি তার কারণ ব্যাখ্যা করুন।

6.5 পাসপোর্ট প্রদান

আপনি বা আপনার উপর নির্ভরশীলরা কি কখনো আপনার বা তাদের নিজ দেশ বা সাবেক বসবাসকৃত দেশের কর্তৃপক্ষ এর কাছ থেকে পাসপোর্ট নিয়েছিলেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে, নিচের সারণীটি পূরণ করুন। প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (আপনার আইপিও (IPO) নম্বর ও স্বাক্ষর এর পাশাপাশি প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [৬.৫] উল্লেখ করুন)।

ব্যক্তি ১			
যাকে পাসপোর্ট দেওয়া হয়েছিল তার নাম:			
প্রদানের স্থান:			
প্রদানের তারিখ:	দিন	মাস	বছর
মেয়াদের তারিখ (যেদিন মেয়াদোত্তীর্ণ হবে):	দিন	মাস	বছর
পাসপোর্ট নম্বর:			
পাসপোর্টটি এখন কোথায়?			

ব্যক্তি ২			
যাকে পাসপোর্ট দেওয়া হয়েছিল তার নাম:			
প্রদানের স্থান:			
প্রদানের তারিখ:	দিন	মাস	বছর
মেয়াদের তারিখ:	দিন	মাস	বছর

6.5 পাসপোর্ট প্রদান

পাসপোর্ট নম্বর:	
পাসপোর্টটি এখন কোথায়?	

ব্যক্তি ৩			
যাকে পাসপোর্ট দেওয়া হয়েছিল তার নাম:			
প্রদানের স্থান:			
প্রদানের তারিখ:	দিন	মাস	বছর
মেয়াদের তারিখ:	দিন	মাস	বছর
পাসপোর্ট নম্বর:			
পাসপোর্টটি এখন কোথায়?			

6.6 ভিসা বা কাজের অনুমতি

আপনি বা আপনার আবেদনপত্রে উল্লেখিত কেউ কি কখনো আয়ারল্যান্ডসহ অন্য কোনো দেশে ভ্রমণের জন্য ভিসা বা কাজের অনুমতির জন্য আবেদন করেছিলেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

'হ্যাঁ' হলে, আপনি বা তারা, বা উভয়ই কখন এবং কোথায় আবেদন করেছিলেন?

6.7 ভ্রমণ, প্রবেশ ভিসা অথবা কাজের অনুমতি

আপনি বা আপনার আবেদনপত্রে উল্লেখিত কেউ কি কখনো আয়ারল্যান্ডসহ অন্য কোনো দেশে ভ্রমণ অথবা প্রবেশ ভিসা বা কাজের অনুমতি পেয়েছিলেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

উত্তর 'হ্যাঁ' হলে, অনুগ্রহপূর্বক কবে ও কোথায় এবং কাকে প্রদান করা হয়েছে, তা কতদিন পর্যন্ত ছিল (মেয়াদোত্তীর্ণের তারিখ) এবং সংশ্লিষ্ট অন্য কোনো তথ্যের সম্পূর্ণভাবে বিস্তারিত বিবরণ দিন।

6.8 আপনি ত্যাগ করার সময় ব্যবহৃত কাগজপত্র

আপনি বা আপনার নির্ভরশীলগণ, বা উভয়ই, আপনার নিজ দেশ বা সাবেক বসবাসকৃত দেশ ত্যাগ করে আয়ারল্যান্ডে প্রবেশের জন্য কী কাগজপত্র ব্যবহার করেছেন?

6.9 ত্যাগ করার তারিখ

আপনি বা আপনার নির্ভরশীলগণ, বা উভয়ই, কোন তারিখে ত্যাগ করেছেন:

- আপনার বা তাদের নিজ দেশ? অথবা
- সাবেক বসবাসকৃত দেশ?

দিন	মাস	বছর

6.10 আপনার আয়ারল্যান্ডে আসার তারিখ

আপনি বা আপনার নির্ভরশীল(গণ), বা উভয়ই, কোন তারিখে আয়ারল্যান্ডে এসেছেন?

দিন	মাস	বছর

7. অবস্থানের বা থাকার অনুমতি

আপনার আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন পরীক্ষা করার পর, আমরা যদি সুপারিশ করি যে আপনি শরণার্থী অবস্থা বা সহায়ক সুরক্ষা পাওয়ার যোগ্য নন, তবুও মন্ত্রী মহোদয় অন্যান্য কারণে (ভিত্তিতে) আপনাকে আয়ারল্যান্ডে অবস্থান করার অনুমতি দিতে পারে, তাই সকল সংশ্লিষ্ট তথ্য সংযুক্ত করা জরুরি।

মন্ত্রী মহোদয়ের পক্ষে অবস্থানের জন্য অনুমতি প্রদানের ইউনিট (Permission to Remain Unit) এই বিষয়টি মূল্যায়ন করবে। আপনার ব্যক্তিগত ও পারিবারিক জীবনের প্রতি যথাযথ সম্মান রেখে তারা আপনার পরিবার ও ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করবে। অবস্থানের জন্য অনুমতি প্রদানের ইউনিট নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করবে:

- আয়ারল্যান্ডের সাথে আপনার কোনো সম্পর্ক থেকে থাকলে সেটার ধরণ
- মানবিক বিবেচনা (যেমন স্বাস্থ্য বিষয়ক)
- আয়ারল্যান্ডে আপনার চরিত্র ও আচরণ (আচরণ), ফৌজদারি দন্ডাদেশ সহ
- প্রযোজ্য ক্ষেত্রে এবং যদি আমরা খুঁজে পেতে পারি তবে, আয়ারল্যান্ডের বাইরে আপনার চরিত্র ও আচরণ, ফৌজদারি দন্ডাদেশ সহ
- জাতীয় নিরাপত্তা ও বেসামরিক শৃঙ্খলা (জনসম্মুখে সাধারণ আচরণ)
- অন্য যেকোনো কিছু যা রাষ্ট্রের সকল মানুষের সাধারণ অধিকারকে (সুবিধা এবং আগ্রহ) প্রভাবিত করে।

মন্ত্রী মহোদয় '**প্রত্যাবর্তনের**' বিষয়টিও বিবেচনা করবেন। প্রত্যাবর্তন বলতে বোঝায় এমন কোনো দেশে ব্যক্তির ফিরে আসা যেখানে তারা হয়রানি ও মারাত্মক ক্ষতির সম্মুখীন হতে পারে। আপনি এই সংক্রান্ত যেকোনো বিষয় উত্থাপিত করে থাকলে মন্ত্রী মহোদয় তা বিবেচনা করবেন। নির্দিষ্টভাবে, আপনি আপনার নিজ দেশে ফিরে গেলে যে মারাত্মক ক্ষতি বা হয়রানির শিকার হওয়ার যে শঙ্কা ব্যক্ত করেছেন তা মন্ত্রী মহোদয় বিবেচনা করবেন।

7.1 আপনাকে অবস্থান করতে অনুমতি দেওয়ার অন্যান্য কারণসমূহ

আপনার সুরক্ষা আবেদন প্রত্যাখ্যাত হলে, আপনার, অথবা আপনার নির্ভরশীলদের (১৮ এর কম বয়সী) আয়ারল্যান্ডে থাকার অনুমতি কেন দেওয়া হবে সে সম্পর্কে অন্য যেকোনো কারণ বর্ণনা করুন?

অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (প্রতি পৃষ্ঠায় আইপিও (IPO) নম্বরের পাশাপাশি এই প্রশ্নের নম্বর [৭.১] উল্লেখ করুন এবং স্বাক্ষর করুন)।

7.2 অন্যান্য যেসব কারণে আপনি নিজ দেশে অথবা সাবেক বসবাসকৃত দেশে ফেরত যেতে ভয় পাচ্ছেন।

এতক্ষণ উল্লেখিত বিষয়গুলো ছাড়াও, আপনি আর অন্য কোনো কারণে আপনার নিজ দেশে অথবা সাবেক বসবাসকৃত দেশে ফেরত যেতে ভয় পাচ্ছেন? অনুগ্রহপূর্বক যথাসম্ভব সংশ্লিষ্ট বিস্তারিত বিবরণ দিয়ে ব্যাখ্যা করুন।

অতিরিক্ত জায়গার প্রয়োজন হলে আরও পৃষ্ঠা ব্যবহার করুন (প্রতি পৃষ্ঠায় এই প্রশ্নের নম্বর [৭.২] উল্লেখ করুন এবং আপনার আইপিও (IPO) নম্বর দিয়ে স্বাক্ষর করুন)।

8. চিকিৎসাজনিত সমস্যা

8.1 গুরুতর চিকিৎসাজনিত সমস্যা

আপনি, আপনার নির্ভরশীল বা উভয়েরই কোনো গুরুতর চিকিৎসাজনিত সমস্যা থাকলে তা আমাদের জানান। এই প্রশ্নপত্র ফেরত দেওয়ার সময় অথবা যত শীঘ্র সম্ভব আপনার চিকিৎসাজনিত সমস্যার(সমূহ) প্রমাণাদি দিন। আমরা আপনার সাক্ষাৎকার নেওয়ার পূর্বে এই প্রমাণাদি দেওয়া উত্তম।

আপনি, আপনার নির্ভরশীল অথবা উভয়ই গ্রহণ করছেন এমন কোনো মানসিক স্বাস্থ্য পরিষেবা অথবা সহায়তা থেকে থাকলে সেটিও উল্লেখ করুন।

9. আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকার (ধারা ৩৫ সাক্ষাৎকার)

ধারা ৩৫ সাক্ষাৎকারের সময়, আপনি কেন আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করেছেন তা আমরা আপনাকে জিজ্ঞাসা করবো।

আপনার আবেদনটি বিবেচনার সাহায্যার্থে আপনি অবশ্যই আমাদের সংশ্লিষ্ট তথ্য দিন। আমরা বুঝি যে আপনার অভিজ্ঞতার কিছু অংশ বলতে পারাটা কষ্টকর হতে পারে। আপনি একজন পুরুষ অথবা একজন নারী সাক্ষাৎকার গ্রহণকারী বা দোভাষীর সাথে কথা বলতে স্বাচ্ছন্দ্যবোধ করতে পারেন।

আপনি একজন পুরুষ অথবা নারী সাক্ষাৎকার গ্রহণকারী, বা দোভাষীকে অথবা দুজনকেই চাইলে, এবং এর জন্য এখনো কোনো অনুরোধ না করে থাকলে, আমাদেরকে জানান। আমরা এটা আয়োজন করার সর্বাত্মক চেষ্টা করবো।

9.1 সাক্ষাৎকার গ্রহণকারী এবং দোভাষী

আপনি কি একজন পুরুষ বা নারীর কাছে সাক্ষাৎকার প্রদান করতে পছন্দ করবেন? হ্যাঁ ☐ না ☐

উত্তর ‘হ্যাঁ’ হলে, নিচের যেকোনো একটি বাক্সে টিক চিহ্ন দিন।

হ্যাঁ, আমি একজন পুরুষের সাথে কথা বলতে পছন্দ করবো। ☐	হ্যাঁ, আমি একজন নারীর সাথে কথা বলতে পছন্দ করবো। ☐

9.2 বিশেষ সুবিধাদি	
চিকিৎসাজনিত সমস্যা বা অক্ষমতার কারণে আন্তর্জাতিক সুরক্ষা অফিসে আপনার সাক্ষাৎকারের সময়ে আপনার কোনো বিশেষ সুবিধাদি প্রয়োজন আছে?	হ্যাঁ ☐ না ☐
উত্তর 'হ্যাঁ' হলে, আপনার কী প্রয়োজন তা অনুগ্রহ করে আমাদের জানান।	

9.3 ভাষাসমূহ		
আপনার প্রথম ভাষা কী?		
আপনি কোন ভাষায় আন্তর্জাতিক সুরক্ষা সাক্ষাৎকার দিতে পছন্দ করবেন?		
আপনি কি অন্য কোনো ভাষায় কথা বলেন?	হ্যাঁ ☐	না ☐
উত্তর 'হ্যাঁ' হলে, সেগুলো কোন ভাষা অনুগ্রহপূর্বক তা আমাদের জানান।		
উত্তর 'হ্যাঁ' হলে, সেই বা সেসব ভাষায় আপনি কতটা সাবলীল তা আমাদের জানান।		

10. আপনার আবেদনপত্রের স্বপক্ষে কাগজপত্র

এই প্রশ্নপত্রের সাথে, আপনাকে **সকল সহজলভ্য** কাগজপত্র দিতে হবে যেগুলো আপনার নিম্নোক্ত বিষয়ের জন্য আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট হতে পারে:

- আন্তর্জাতিক সুরক্ষা
- রাষ্ট্রে অবস্থানের অনুমতি:

সম্ভব হলে অনুগ্রহপূর্বক আমাদেরকে মূল কাগজপত্র জমা দিন। আপনার আবেদনের সাথে যেসব কাগজপত্র জমা দিতে হবে তার নমুনা:

আপনার পরিচয় বহনকারী কার্ড

- পাসপোর্ট
- জাতীয় পরিচয়পত্র
- ভ্রমণের কাগজপত্র
- ড্রাইভিং লাইসেন্স

সনদপত্র এবং রেকর্ড

- জন্ম
- মৃত্যু, বিবাহ অথবা আইনি সম্পর্কের সনদপত্র
- স্কুলের রেকর্ড
- শিক্ষাগত সনদপত্র

সদস্যপদসমূহ

নিম্নোক্ত সংস্থাগুলোর চিঠিপত্র বা সদস্যপদের কার্ড:

- রাজনৈতিক দল বা শ্রেণি
- সমিতি বা সংঘ
- অন্যান্য দল

পুলিশের সাথে চিঠিপত্র

- আপনার নিজ দেশ বা কোনো দেশের পুলিশ কর্তৃপক্ষের চিঠিপত্র এবং পরোয়ানা

চিকিৎসাজনিত চিঠিপত্র

- আপনার ডাক্তারের সাথে চিঠিপত্র
- আয়ারল্যান্ড এবং আপনার নিজ দেশ অথবা সাবেক বসবাসকৃত দেশের চিকিৎসাজনিত রিপোর্ট।

অন্য যেকোনো কাগজপত্র

আপনার আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র, যেমন:

- ফোন অথবা ব্যাংক রেকর্ড
- অতীতে আপনার অভিবাসনের বিবরণের কোনো কাগজপত্র

সংশ্লিষ্ট যেকোনো কাগজপত্র আমাদেরকে এখনই দিন

এই নথিপত্রে যেমনটি আমরা আগেই বলেছি, আপনার আবেদনের স্বপক্ষে ব্যবহৃত যেকোনো কাগজপত্র আপনি সংগ্রহ করুন এবং পাওয়া মাত্র দ্রুত সেগুলো আইপিও (IPO)-তে আমাদের কাছে জমা দিন।

এগুলোর মধ্যে ডাক্তারি সনদপত্র রয়েছে। আপনি ডাক্তারি সনদপত্রের উপর নির্ভর করার পরিকল্পনা করলে, **অবিলম্বে তা সংগ্রহ করুন এবং পাওয়া মাত্র দ্রুত সেগুলো আইপিও (IPO)-তে আমাদের কাছে জমা দিন।**

আপনি এখন কাগজপত্র প্রদান করতে না চাইলে আবেদনপত্রে আপনার প্রদত্ত তথ্য বিশ্বাস করতে আমাদের সমস্যা হবে। এটা আপনার আবেদনপত্রের বিপক্ষে যেতে পারে যে কারণে আমরা আপনার আবেদনটি বাতিল করতে পারি।

আপনার সাক্ষাৎকারের ন্যূনতম তিন কার্যদিবস পূর্বে, আপনার যেকোনো কাগজপত্র এই অফিস কর্তৃক গৃহীত হবে। আপনি যে সকল কাগজপত্র জমা দিচ্ছেন সেগুলো নিচে তালিকাভুক্ত করুন।

আপনার প্রদত্ত প্রতিটি কাগজপত্রে অবশ্যই আপনার নাম ও ব্যক্তিগত আইডি নম্বর লিখতে ভুলবেন না।

10.1 আপনার আবেদনপত্রের স্বপক্ষে আমাদের কাছে জমা দেওয়ার মত কোনো কাগজপত্র আপনার কাছে আছে কি?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

'হ্যাঁ' হলে, অনুগ্রহপূর্বক নিচের তথ্যগুলো দিন।

আপনি যে সকল কাগজপত্র জমা দিচ্ছেন এবং সেগুলো সম্পর্কে নিচের তথ্যগুলো তালিকাভুক্ত করুন। প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক অতিরিক্ত পৃষ্ঠা যোগ করুন এবং সেগুলোতে যেই প্রশ্নের উত্তর দিচ্ছেন তার নম্বর উল্লেখ করুন।

1. কোন নথিপত্র।	2. নথিপত্রে তারিখ থাকলে তা উল্লেখ করুন।	3. আপনার নির্দিষ্ট আবেদনপত্রের সাথে নথিপত্রটি যেভাবে সম্পর্কিত।	4. এটি যেই ভাষায় লিখিত।

11. তথ্য সুরক্ষার বিজ্ঞপ্তি

অভিবাসন পরিষেবা বিতরণ এর আন্তর্জাতিক সুরক্ষা অফিস (আইপিও) বিচার বিভাগের একটি অংশ। আপনার প্রদত্ত সকল তথ্য এবং ব্যক্তিগত উপাত্ত আইপিও গোপনীয় বলে বিবেচনা করবে। আবেদনকারীর পরিচয় গোপন রাখা নিশ্চিত করতে আন্তর্জাতিক সুরক্ষা আইন ২০১৫ আমাদেরকে সকল বাস্তবিক পদক্ষেপ নিতে বাধ্য করে। এছাড়া আমরা ইইউ সাধারণ তথ্য সুরক্ষা নীতিমালা, ২০১৮ অনুসরণ করি।

বিচার বিভাগকে প্রদত্ত তথ্য আমরা প্রণীত আইন অনুযায়ী শুধু অন্যান্য অনুমোদিত সংস্থাগুলোর সাথে শেয়ার করবো।

আইপিও এর সাধারণ তথ্য সুরক্ষা গোপনীয়তা বিজ্ঞপ্তি (IPO (PP) 52) এর সম্পূর্ণ বিবৃতি আইপিও এর ওয়েবসাইট www.ipo.gov.ie এ পাওয়া যাবে।

বিচার বিভাগের তথ্য সুরক্ষা নীতির সম্পূর্ণ বিবৃতি www.justice.ie/en/JELR/Pages/Data_Protection এই লিংকে পাওয়া যাবে।

12. এই প্রশ্নপত্রটি পূরণে সহযোগিতা

12.1 এই প্রশ্নপত্রটি কি আপনি নিজে পূরণ করেছেন?

অনুগ্রহপূর্বক একটি বাক্সে টিক চিহ্ন দিন। হ্যাঁ ☐ না ☐

উত্তর 'না' হলে, এই প্রশ্নপত্রটি পূরণ করতে কে আপনাকে সহযোগিতা করেছে? (যেই ব্যক্তি এটি সম্পন্ন করেছেন তিনি এই অংশটি পূরণ করতে পারেন।)

নাম:

ঠিকানা:

আবেদনকারীর সাথে সম্পর্ক:

আবেদনকারী কেন এই প্রশ্নপত্রটি পূরণ করতে পারেননি তার কারণ ব্যাখ্যা করুন।

13. আইনি প্রতিনিধির বিবৃতি ও স্বাক্ষর

13.1 আইনি প্রতিনিধিকে এটি পূরণ করতে হবে

আমি ঘোষণা করছি যে এই প্রশ্নপত্রটি পূরণ করতে আমি আবেদনকারীকে সহযোগিতা করেছি।

আইনি প্রতিনিধির স্বাক্ষর:

তারিখ:

14. আবেদনকারীর বিবৃতি ও স্বাক্ষর

14.1 অনুগ্রহপূর্বক পড়ন ও নিচে স্বাক্ষর করুন

যথাযথ স্থানের বাক্সগুলোতে টিক চিহ্ন দিন, এবং নিচে স্বাক্ষর ও আপনার নামসহ তারিখ দিন।

আমি বুঝতে পেরেছি:

- আমি আমার ও আমার উপর নির্ভরশীল(দের) পক্ষ থেকে এই প্রশ্নপত্রটি পূরণ করছি — হ্যাঁ ☐
- আমার উপর নির্ভরশীল সবাই এই আবেদনের অন্তর্ভুক্ত হবে। — না ☐

আমি এই প্রশ্নপত্রের ১১ নম্বর পয়েন্টে উল্লেখিত আইপিও (IPO) এর তথ্য গোপনীয়তা বিজ্ঞপ্তি স্বীকার করছি। — হ্যাঁ ☐ না ☐

আমি বুঝতে পেরেছি যে আমি আমার উপর নির্ভরশীল সন্তানাদি যারা আইরিশ নাগরিক নয় তাদের পক্ষে আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করেছি বলে গণ্য হবে। আমার উপর নির্ভরশীল সন্তানাদি তারা, যারা:

- আমি এই আবেদন করার সময় আয়ারল্যান্ডে ছিল এবং বয়স ১৮ এর নিচে
- আমি আবেদনকারী থাকা অবস্থায় আয়ারল্যান্ডে জন্মগ্রহণ করেছে — হ্যাঁ ☐
- আমি আবেদনকারী থাকা অবস্থায় ১৮ বছর বা এর চেয়ে কম বয়সে আয়ারল্যান্ডে প্রবেশ করেছিল। — না ☐

আমি অবগত যে আমার সাথে সম্পর্কিত অন্য কোনো আবেদনকারী বা আমার কেসটির সাথে যেকোনোভাবে সংযুক্ত অন্য কোনো কেস যাচাই করতে আমার প্রদত্ত তথ্য ব্যবহার করা হতে পারে। — হ্যাঁ ☐ না ☐

আমি অঙ্গীকার করছি যে এই প্রশ্নপত্রে প্রদত্ত তথ্যাবলি পরিপূর্ণ, সত্য এবং নির্ভুল।

▶আবেদনকারীর স্বাক্ষর:	▶তারিখ:
▶আবেদনকারীর পুরো নাম:	▶তারিখ:

Plain English
Approved by NALA

FOR OFFICE USE ONLY	
Applicant’s name:	Country of origin:
Reference number:	
Person ID:	
Language used in questionnaire:	
Number of questionnaire pages:	
Any extra material:	Total number of extra pages: